**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 29-04-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগামীকাল ২২৮ জন টেট উত্তীর্ণ প্রার্থীকে চাকুরীর অফার প্রদান করবেন।**

**(২) ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, মাদ্রাসা আলিম ও মাদ্রাসা ফাজিল পরীক্ষার ফলাফল আগামীকাল প্রকাশিত হবে ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে সরকার একবিংশ শতাব্দীর চাহিদা পূরণের জন্য দেশের শিক্ষা ব্যবস্থার আধুনিকীকরণ করছে ।**

**(৪) উত্তরপূর্ব লিটল্ মাস্টার ট্রফি ক্রিকেট প্রতিযোগিতার ফাইনালে ত্রিপুরা ও আসাম পরস্পরের মুখোমুখি হবে ।**

****************************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগামীকাল আগরতলার নজরুল কলাক্ষেত্রে ২২৮ জন টেট উত্তীর্ণ প্রার্থীকে শিক্ষক পদে চাকুরীর অফার প্রদান করবেন। এর মধ্যে অস্নাতক শিক্ষক পদে ৬৬ জন এবং স্নাতক শিক্ষক পদে ১৬২ জন অফার পাবেন।

*****************************

**TBSE Result :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, মাদ্রাসা আলিম ও মাদ্রাসা ফাজিল পরীক্ষার ফলাফল আগামীকাল প্রকাশিত হবে। পর্ষদের সচিব দুলাল দে এ খবর জানিয়েছেন। এই ফলাফল বিভিন্ন ওয়েবসাইটে

দেখা যাবে। এগুলি হল www.tbse.tripura.gov.in, www.tbresults.tripura.gov.in, www.tbse.tripurainfo.com, www.jagaronjosh.com, www.results.siksha এবং www.indianexpress.com .

***************************

**Matarbari Pakage Story :**

কেন্দ্রীয় স্বদেশ দর্শন প্রকল্পে নতুন ভাবে সাজিয়ে তোলা হচ্ছে উদয়পুরের মাতা ত্রিপুরা সুন্দরী মন্দির প্রাঙ্গণকে। আধুনিকতার ছোঁয়ায় নতুন রূপে এখন মন্দির এলাকা। এই নিয়ে আমাদের প্রতিনিধি রাহুল লোধ ও শ্যাম সুন্দর দত্তের একটি প্রতিবেদন।

#########VC#########

****************************

**Courtsey Meet :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে এক সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। তিনি রাজ্যপালের সঙ্গে বাংলা নববর্ষের শুভেচ্ছা বিনিময় করেন।

***************************

**Minister Visit :**

প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস আজ ঊনকোটি জেলার ফটিকরায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি পরিদর্শন করেন। এখানকার পরিকাঠামো ও পরিষেবা সম্পর্কে খোঁজখবর নেন। তিনি রোগী ও তাদের পরিজনদের সাথেও কথা বলেন। স্বাস্থ্য দপ্তর থেকে রোগিদের জন্য প্রদত্ত সুবিধা ও পরিষেবা বিষয়ে মতবিনিময় করেন।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**PM, Education :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে সরকার একবিংশ শতাব্দীর চাহিদা পূরণের জন্য দেশের শিক্ষা ব্যবস্থারর আধুনিকীকরণ করছে। তিনি আরও বলেন যে কেন্দ্র দেশের প্রতিটি শিক্ষার্থীর নাগালের মধ্যে বিশ্বমানের জ্ঞান নিয়ে আসছে। আজ নতুনদিল্লির ভারত মণ্ডপমে সরকার, শিক্ষাবিদ, শিল্প এবং উদ্ভাবক নেতাদের নিয়ে অনুষ্ঠিত YUGM (ইয়ুগ্ম্) কনক্লেভে ভাষণ দেওয়ার সময় শ্রী মোদী একথা বলেন। তিনি বলেন যে একটি দেশের ভবিষ্যৎ তার যুবসমাজের উপর নির্ভরশীল সেজন্য তাদের ভারতের উজ্জ্বল ভবিষ্যতের জন্য প্রস্তুত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে নতুন শিক্ষা নীতি দেশে রূপান্তরের সূচনা করছে।

######Byte-PM-1########

প্রধানমন্ত্রী বলেন, ভারতের বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনগুলি গতিশীল কেন্দ্র হিসেবে আবির্ভূত হচ্ছে যেখানে যুবসমাজ যুগান্তকারী উদ্ভাবন পরিচালনা করছে। প্রধানমন্ত্রী বলেন, এই বছরের বাজেটে, সরকার আইআইটিএস-এ আসন সংখ্যা এবং ধারণক্ষমতা বৃদ্ধির সিদ্ধান্ত নেয়া হয়েছে। তিনি বলেন, সরকার

"মেক এআই ইন ইন্ডিয়া"র দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করছে, যার লক্ষ্য ভারতের জন্য এআইকে কার্যকর করে তোলা।

######Byte-PM-2########

কনক্লেভে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান বলেন, ২০১৪ সালের আগে মাত্র তিনটি কার্যকরী গবেষণা পার্ক ছিল। তিনি বলেন, ২০১৪ সালের পর আরও ছয়টি পার্ক স্থাপন করা হয়েছে এবং সরকার আরও তেরোটি গবেষণা পার্ক তৈরির পরিকল্পনা করছে।

****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সভাপতিত্বে আজ নতুনদিল্লিতে প্রধানমন্ত্রীর বাসভবনে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এবং জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভালের সঙ্গে একটি বৈঠক হয়। ভারতীয় সশস্ত্র বাহিনীর প্রতিরক্ষা প্রধান অনিল চৌহান এবং তিন বাহিনীর প্রধানরাও বৈঠকে উপস্থিত ছিলেন। পহেলগাম সন্ত্রাসী হামলার প্রেক্ষিতে এই বৈঠক বলে জানা গেছে।

*************************

**UN-Pahalgam :**

ভারত রাষ্ট্রসঙ্ঘে পহেলগাম সন্ত্রাসী হামলার বিষয়টি জোরালোভাবে উত্থাপন করেছে এবং সন্ত্রাসীদের প্রশিক্ষণ ও অর্থায়নের বিষয়ে একজন পাকিস্তানি মন্ত্রীর "স্বীকারোক্তি" তুলে ধরেছে। জাতিসংঘে ভারতের উপ-স্থায়ী প্রতিনিধি, যোজনা প্যাটেল, পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রী খাজা আসিফের সাম্প্রতিক টেলিভিশন সাক্ষাৎকারের নিয়ে বলেন যে পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রী সন্ত্রাসী সংগঠনগুলিকে সমর্থন, প্রশিক্ষণ এবং অর্থায়নের ইতিহাস সম্পর্কে যে স্বীকারোক্তি দিয়েছেন তা গোটা বিশ্ব শুনেছে।

#######Byte-Yojna Patel#########

*****************************

**Chardham Yatra :**

উত্তরাখণ্ডে এ বছরের চারধাম যাত্রা আগামীকাল অক্ষয় তৃতীয়ার দিন শুরু হচ্ছে। এই চারধাম অর্থাৎ গঙ্গোত্রী, যমুনোত্রি, কেদারনাথ ও বদ্রীনাথ যাত্রা শুরুর প্রাক্কালে মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি এর ব্যবস্থাপনা নিয়ে গতকাল জেলাশাসকদের সঙ্গে এক পর্যালোচনা বৈঠক করেন। তিনি জানান, আগামী দোসরা মে থেকে কেদারনাথ ধামে ভক্তরা কেদারনাথের দর্শন করতে পারবেন। চারধাম যাত্রার প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী শ্রী ধামি রাজ্যজুড়ে নিরাপত্তা ব্যবস্থা কঠোর করার নির্দেশ দিয়েছেন।

আকাশবাণী আগামীকাল চারধাম যাত্রার উদ্বোধনী অনুষ্ঠান সরাসরি সম্প্রচার করবে। গঙ্গোত্রী ধামের উদ্বোধনী অনুষ্ঠান সকাল ১০টা থেকে ১১টা, যমুনোত্রী ধামের উদ্বোধনী অনুষ্ঠান সকাল সাড়ে ১১টা থেকে সাড়ে ১২টা পর্যন্ত শোনা যাবে।

অন্যদিকে, কেদারনাথ ধামের উদ্বোধনী অনুষ্ঠান শুরু হবে দোসরা মে শুক্রবার সকাল ৬টা থেকে। তাছাড়া বদ্রীনাথ ধামের উদ্বোধন চৌঠা মে রবিবার সকাল সাড়ে ৬টা থেকে সাড়ে ৭টা পর্যন্ত সম্প্রচারিত হবে। আকাশবাণীর ইন্দ্রপ্রস্থ, এফএম গোল্ড এবং আরাধনা চ্যানেল ছাড়াও নিউজ অন এআইআর অ্যাপে সরাসরি সম্প্রচার শোনা যাবে। চৌঠা মে পর্যন্ত প্রতিদিন সন্ধ্যা সাড়ে সাতটা থেকে ৭টা ৪৫ মিনিট পর্যন্ত সম্প্রচারিত হবে চারযাত্রা সংক্রান্ত বিশেষ প্রতিবেদন।

****************************

**NEET :**

আগামী চৌঠা মে সারা দেশের সাথে রাজ্যে নিট পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে। এই পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে পশ্চিম জেলার জেলাশাসক ডঃ বিশাল কুমার ও পশ্চিম জেলা পুলিশ সুপার ডঃ কিরণ কুমার কে আজ পশ্চিম জেলার পরীক্ষা কেন্দ্রগুলি পরিদর্শন করেন। পরিদর্শনকালে তারা পরীক্ষা গ্রহণকালে নিরাপত্তা সহ যাবতীয় পরিস্থিতি খতিয়ে দেখেন।

উল্লেখ্য এবছর রাজ্যে নিট পরীক্ষার ১১টি কেন্দ্র রয়েছে। তার মধ্যে পশ্চিম ত্রিপুরা জেলায় ১০টি এবং ধলাই জেলায় ১টি পরীক্ষা কেন্দ্র রয়েছে।

***************************

**Master Cricket :**

প্রথমবারের মত গুয়াহাটিতে আয়োজিত উত্তরপূর্ব লিটল্ মাস্টার ট্রফি ক্রিকেট প্রতিযোগিতার ফাইনালে ত্রিপুরা ও আসাম পরস্পরের মুখোমুখি হবে। আগামীকাল ফাইনাল ম্যাচটি হবে। আজ দ্বিতীয় দিনেও বৃষ্টিতে মাঠ ভেজা থাকায় দুটি সেমিফাইনাল পরিত্যক্ত হয়েছে। পরে রানের গড়ে ত্রিপুরা ও আসাম ফাইনালে খেলার ছাড়পত্র পায়।

******************************

**Super Four Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেটের সুপার ফোরের খেলা আজ থেকে শুরু হয়েছে। নরসিংগড়ের পিটিএ মাঠে দুদিনের খেলায় ওল্ড প্লে সেন্টারের বিরুদ্ধে ব্যাট করতে নেমে শতদল সংঘ প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ২০৭ রান করে। জবাবে ওল্ড প্লে সেন্টার প্রথম ইনিংসে দিনের শেষে ৩ উইকেট হারিয়ে ৭২ রান করে।

******************************

**Under-15 Cricket :**

রাজ্যভিত্তিক অনূর্দ্ধ ১৫ ক্রিকেটের সেমিফাইনালে উঠেছে খোয়াই, সদর-এ, কমলপুর ও উদয়পুর। আজ আসরের চারটি কোয়ার্টার ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয়। এতে ধর্মনগরের মাঠে খোয়াই ৭ উইকেটে শান্তিরবাজারকে, বিলোনীয়ার মাঠে সদর-এ ১ উইকেটে লংতরাইভ্যালীকে, শান্তিরবাজারের মাঠে কমলপুর ৮ উইকেটে সোনামুড়াকে এবং কৈলাসহরের মাঠে উদয়পুর ৫ উইকেটে সদর-বি দলকে পরাজিত করে।

***************************